দৈনিক ইত্তেফাক

তারিখ ... 30 MAY 1991 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

232

# ছাত্র নেতৃবৃন্দের বিরুদ্ধে মামলা প্রত্যাহারের দাবী

(ইত্তেফাক রিপোর্ট)

মাওলানা নিজামীর উপর হামলার ঘটনায় জামায়াত কর্তৃক বিভিন্ন ছাত্র সংগঠনের নেতৃবৃন্দের নামে মামলা ...

(১১শ পৃঃ ২-এর ক)

## ছাত্র নেতৃবৃন্দের বিরুদ্ধে

(১ম পৃঃ পর)

প্রতিবাদে গতকাল (বুধবার) ক্যাম্পাসে ছাত্রলীগ (আ-অ), ছাত্রলীগ (না-শ), ছাত্র ইউনিয়ন, ছাত্র মৈত্রী, জাতীয় ছাত্রলীগ, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট পৃথকভাবে বিক্ষোভ মিছিলশেষে ছাত্রসভার আয়োজন করে।

মধুর কেন্টিনের সম্মুখে ছাত্রলীগ (আ-অ) ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা আয়োজিত প্রতিবাদ সভায় বক্তাগণ বলেন, '৭১-এর ঘাতক জামায়াত নেতা নিজামী মুক্তিযুদ্ধে শহীদদের রক্তে ভেজা ক্যাম্পাসে প্রবেশ করায় সংগ্রামী ছাত্র সমাজ স্বতঃস্ফূর্তভাবে তাহাকে প্রতিরোধ করিয়াছে। কাজেই এই ঘটনায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তদন্ত কমিটি গঠন করিয়া স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনাকে ধূলিসাৎ করিয়াছে। সভায় ছাত্র নেতৃবৃন্দের নামে দায়েরকৃত মামলা প্রত্যাহারের আহ্বান জানাইয়া বলা হয়, অন্যথায় উদ্ভূত পরিস্থিতির জন্য জামায়াত-শিবিরকে দায়ী থাকিতে হইবে। সভায় ছাত্র সমাজের ১০ দফা বাস্তবায়ন ও সংসদীয় গণতন্ত্র প্রতিষ্ঠার আহ্বান জানান হয়। গোলাম মোস্তফা সুজন এবং কামরুজ্জামান আনসারী সভায় বক্তৃতা করেন।

ডাকসু ভবনের সম্মুখে ছাত্রলীগ (না-শ) আয়োজিত প্রতিবাদ সভায় বলা হয়, স্বাধীনতাবিরোধী প্রতিক্রিয়াশীল শক্তি জামায়াত-শিবিরকে প্রশ্রয় দেওয়ার চেষ্টা করিবেন না। সভায় অবিলম্বে ছাত্র নেতৃবৃন্দের নামে দায়েরকৃত মামলা প্রত্যাহারের আহ্বান জানান হয়। সংগঠনের সভাপতি নাজমুল হক প্রধান, সাধারণ সম্পাদক শফি আহমেদ সভায় বক্তৃতা করেন।

মধুর ক্যান্টিনের সম্মুখে ছাত্রমৈত্রী আয়োজিত প্রতিবাদ সভায় বলা হয়, স্বাধীনতা বিরোধী জামায়াত শিবির পুনরায় মাথা চাড়া দিয়া উঠিয়াছে। যে কোন মূল্যে এই সাম্প্রদায়িক শক্তিকে প্রতিহত করিতে হইবে। সংগঠনের সাংগঠনিক সম্পাদক আতাউর রহমান আতা সভায় বক্তৃতা করেন।

মধুর ক্যান্টিনের সম্মুখে জাতীয় ছাত্রলীগ আয়োজিত প্রতিবাদ সভায় বক্তাগণ বলেন, স্বাধীনতার শত্রু নিজামীকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রবেশের সুযোগ দিয়া বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মুক্তিযুদ্ধের চেতনাকে ধূলিসাৎ করিয়াছে। সভায় সংগঠনের সভাপতি জাহাঙ্গীর সাত্তার টিংকুর বাসায় পুলিশের হামলার তীব্র নিন্দা জানানো হয়। কামাল হোসেন, পঙ্কজ নাথ, ইকবালুর রহিম সভায় বক্তৃতা করেন।

### পহেলা জুন প্রতিবাদ সভা

২৭শে মে ভিসি অফিসে নিজামীকে হামলার ঘটনায় গঠিত তদন্ত কমিটি ও ছাত্রনেতৃবৃন্দের নামে দায়েরকৃত মামলা প্রত্যাহারের দাবীতে ছাত্রলীগ (আ-অ) ছাত্রলীগ (না-শ) জাতীয় ছাত্রলীগ ১লা জুন সারাদেশে বিক্ষোভ সমাবেশের কর্মসূচী গ্রহণ করিয়াছে।